# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৯. জাল হাদীস চিহ্নিতকরণে বাঙালী আলিমগণ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ১. ৪. ওলীগণ মরেন না

রুহুল আমিন লিখেন: ‘‘লেখকের (তরিকতে রসুল (ﷺ)_বইয়ের লেখক) বিদ্যার পরিমাণ এত যে, তিনি আরবি ভাষা ঠিক করিয়া লিখিতে পারেন না, তিনি উক্ত পুস্তকের ২ পৃষ্ঠায় লিখিয়াছেন: (الأولياء لا يموت): ‘অলিগণ মরেন না’। যে ব্যক্তি আরবী নহোমির পাঠ করিয়াছে, সেও বলিতে পারে যে, উক্ত এবারতের শব্দ ভ্রমাত্নক, প্রকৃত পক্ষে এইরূপ এবারত ঠিক হইবে (الأولياء لا يموتون) ইহা শব্দের হিসাবে বলা হইল, কিন্তু এই শব্দগুলি কোরাণও নহে এবং হাদিস নহে। কোরাণ শরিফে আছে. ‘‘নিশ্চয় তুমি (হে মোহাম্মদ) মৃত এবং নিশ্চয় তাঁহারাও (প্রাচীন নবিগণও) মৃত। (সূরা যুমার: ৩০ আয়াত)’’ লেখকের দাবিকৃত কথাটি এই আয়াতের খেলাফ হইল কিনা?[1]

## ফুটনোট

[1] মোহাম্মদ রুহুল আমিন, প্রাগুক্ত, পৃ. ৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4679

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন